

নথি নং- ৫- কাস- ১২(০৪) নিলাম- ০৩/২০২৫/ মূলনথি/২০২৫

তারিখ: ১০/০৮/২০২৫ খ্রি.

প্রেরক : জয়েন্ট কমিশনার
কাস্টমস হাউস, ঢাকা।

প্রাপক : মেসার্স আঞ্জুমান সিভিকিট (সরকারি নিলামকারী),
১২৯, কোরবানীগঞ্জ, বলুয়ার দীঘির দক্ষিণ পাড়, চট্টগ্রাম।

বিষয় : কাস্টমস হাউস, ঢাকা'র নিলাম নং- ০৩/২০২৫ এর সিলভ্ টেন্ডার এর আওতাভুক্ত দাবীদারবিহীন/বাজেয়াগুকৃত মালামালের নিলাম কার্যক্রম গ্রহণ।

কাস্টমস হাউস ঢাকা'র অধীক্ষেত্রাধীন আমদানী কার্গো কমপ্লেক্স, রাষ্ট্রীয় গুদাম (১, ২, ৩), ট্রানজিট মূল্যবান গুদাম এবং কুরিয়ার ইউনিটের (দাবীদারবিহীন/বাজেয়াগুকৃত) মালামালগুলো কাস্টমস আইন, ২০২৩ এর ধারা- ৯৪ এর ক্ষমতাবলে সিলভ্ টেন্ডার এর মাধ্যমে বিক্রয়ের জন্য কর্তৃপক্ষ সিদ্ধান্ত নিয়েছেন।

০২।

- (ক) নিলাম অনুষ্ঠানের তারিখ : নিলাম নং- ০৩/২০২৫, তারিখঃ ২৯/০৮/২০২৫ খ্রি.।
- (খ) সিডিউল ক্রয়ের তারিখ : ২১/০৮/২০২৫ হতে ২৮/০৮/২০২৫ খ্রি.।
- (গ) পণ্য প্রদর্শনের তারিখ : ২২/০৮/২০২৫ হতে ২৮/০৮/২০২৫ খ্রি.।
- (ঘ) পত্রিকা প্রকাশের তারিখ : ১৬/০৮/২০২৫ খ্রি.। ১ম সারির সার্কুলেশন অনুযায়ী জাতীয় দৈনিকের ক্রমিক নং- ০১ থেকে ০৫ এর মধ্যে হবে।।
- (ঙ) সিডিউল জমাধানের তারিখ : ২১/০৮/২০২৫ হতে ২৮/০৮/২০২৫ খ্রি. অফিস চলাকালীন সময় এবং ২৯/০৮/২০২৫ খ্রি. বেলা ১.০০ টা পর্যন্ত।
- (চ) সিডিউল পাওয়া যাবে : কাস্টমস হাউস, ঢাকা ও কাস্টমস হাউস, আইসিডি, কমলাপুর এবং সরকারি নিলামকারীর দপ্তরে।
- (ছ) দরপত্র দাখিলের স্থান:
 - (i) ডেপুটি/সহকারী কমিশনার, নিলাম, কাস্টমস হাউস, ঢাকা।
 - (ii) কাস্টমস হাউস, আইসিডি, কমলাপুর, ঢাকা এর কার্যালয়।
 - (iii) ডেপুটি/সহকারী কমিশনার (সদর), কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা।
 - (iv) ডেপুটি/সহকারী কমিশনার (সদর) কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।
- ০৩। যে সকল দরপত্রদাতা ডাকযোগে দরপত্র পাঠাবেন তাদের দরপত্র ও প্রয়োজনীয় কাগজপত্র নিলাম নং- ০৩/২০২৫ এর জন্য ২৯/০৮/২০২৫ খ্রি. বেলা ১.০০ টার মধ্যে ডেপুটি/সহকারী কমিশনার (নিলাম), কাস্টমস হাউস, ঢাকা'র অফিস কক্ষে পৌঁছাতে হবে। উক্ত সময়ের পর কোন দরপত্র পাওয়া গেলে তা বিবেচনায় নেয়া হবে না।।
- ০৪। নিলাম নং- ০৩/২০২৫ এর জন্য ২৯/০৮/২০২৫ তারিখ বেলা ৩.০০ টায় কাস্টমস হাউস, ঢাকায় দরদাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০৫। দরপত্রের উদ্ধৃত মূল্যের ১০% হারে আর্নেস্ট মানি সিলভ্ টেন্ডারের সাথে "কাস্টমস ডিউস কালেকশন- সি- ১" কাস্টম হাউস, ঢাকা'র অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে জমা দিতে হবে। অসম্পূর্ণ দরপত্র/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট কোন ক্রমেই গ্রহণযোগ্য/বিবেচিত হবে না। যে কোন দরপত্র গ্রহণ/বাতিলের এখতিয়ার কোন নোটিশ জারি ছাড়াই কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ০৬। নিলামভুক্ত লটে যে কোন পণ্যের বিপরীতে মামলা/ রিট/আপিল থাকলে তা যে কোন সময় বাতিল বলে গণ্য হবে। এছাড়া ক্যাটালগভুক্ত পণ্যের ক্ষেত্রে আমদানি নীতি আদেশ, ২০২১-২৪ অনুযায়ী শর্ত প্রযোজ্য থাকলে নিলাম প্রাপ্তকে অফার লেটার প্রদানের ১৫ দিনের মধ্যে শর্ত পূরণ করতে হবে। অন্যথায় উক্ত পণ্য ব্যতিরেকে নিলামের অন্যান্য পণ্য গ্রহণ করতে হবে। এছাড়া নিলামের স্থায়ী আদেশানুযায়ী নিলামে বিক্রয় প্রযোজ্য নহে এরূপ পণ্য সংশ্লিষ্ট লটে অর্ন্তভুক্ত থাকলে ক্যাটালগ ভুক্ত উক্ত পণ্য ব্যতীত অন্যান্য পণ্য খালাস গ্রহণ করতে হবে।
- ০৭। নিলামের সংরক্ষিত দরমূল্য নিলামের ক্যাটালগে লট ভিত্তিক উল্লেখ করতে হবে।
- ০৮। কোন কারণ দর্শানো ব্যতীরেকেই যে কোন দরপত্র বাতিল/গ্রহণ করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

এ পরিপ্রেক্ষিতে, উক্ত তারিখের মধ্যে বিজ্ঞপ্তি প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে নির্দেশ দেয়া হলো। সিলভ্ টেন্ডারের সিডিউল ও আনুষঙ্গিক কাগজপত্র ও বিজ্ঞপ্তি প্রকাশ হলে উক্ত পত্রিকার কপি এবং ক্যাটালগ, নিলাম নং- ০৩/২০২৫ এর জন্য আগামী ২০/০৮/২০২৫ তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর নিকট জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

মোঃ

মোঃ রফিকুল ইসলাম

সহকারী কমিশনার (চ:দা:)

জয়েন্ট কমিশনার ও নিলাম কমিটির সভাপতির পক্ষে

ফোন: ০২-৮৯০১৬৩৭

ই-মেইল: dch@nbr.gov.bd